

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৮৬

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কুরায়শ ও অন্যান্য গোত্রসমূহের গুণাবলি

الفصل الاول (بَابُ مَنَاقِبِ قُرَيْشٍ وَذِكْرِ الْقَبَائِلِ)

আরবী

وَعَنْ أَبِي بَكْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَسْلَمُ وَغِفَارُ وَمُزَيْنَةُ وَجُهَيْنَةُ خَيْرٌ مِنْ بني تَمِيم وَبني عَامِرٍ وَالْحَلِيفَيْنِ بَنِي أَسْدٍ وَغَطَفَانَ» . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3523) و مسلم (190 / 2521)، (6441) ـ (مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

ক্ষেড্ড-[৮] আবূ বকরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আসলাম, গিফার, মুযায়নাহ্ ও জুহায়নাহ্ গোত্রসমূহ বানূ তামীম ও বানূ 'আমির এবং উভয় সহযোগী তথা বানূ আসাদ ও গাত্বফান হতেও শ্রেয়। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৫১৬, ৩৫২৩ মুসলিম ১৯০-(২৫২১), তিরমিযী ৩৯৫২, মুসনাদে আহমাদ ১০০৪৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৭/৫৫৮, আল মু'জামুস্ সগীর লিত্ব তবারানী ১১৯১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَالْحَلِيفَيْنِ)'উভয় সহযোগী গোত্ৰ' বানূ আসাদ ও বানূ গাত্বফান দুটি গোত্ৰের নাম। এ দুটি গোত্ৰ পরস্পর একটি অন্যটির সহযোগী ছিল। যেরূপ সে যুগের 'আরবদের সাধারণ নিয়ম ছিল- ঐ গোত্রদ্বয় একে অন্যের সম্মুখে শপথ ও অঙ্গীকার করেছিল যে, পরস্পর একে অন্যের সাহায্য-সহযোগিতা করবে।

ইমাম নবাবী (রহিমাহুল্লাহ) বলেন, হাদীসে উল্লেখিত গোত্রসমূহকে এজন্য উত্তম বলা হয়েছে যে, এ সকল গোত্রের



লোকেরা ইসলাম গ্রহণের ক্ষেত্রে অগ্রগামিতার সৌভাগ্য অর্জন করেছে এবং নিজেদের ভালো অবস্থা ও আচার-আচরণে প্রশংসার যোগ্য হওয়া প্রমাণ করতে পেরেছে। (মিরকাতুল মাফাতীহ, মাযাহিরে হাক শারহে মিশকাত ৭ম খণ্ড, ২৩২ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন